# Times Today BD

সিনিয়র রিপোর্টার | চট্টগ্রাম | 20 April, 2025

## চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেনকে প্রতিমন্ত্রীর পদমর্যাদা দিতে স্থানীয় সরকার বিভাগের সিটি করপোরেশন-২ শাখা থেকে দেওয়া হয়েছে।রোববার (২০ এপ্রিল) স্থানীয় সরকার বিভাগের উপসচিব মো. ফিরোজ মাহমুদের সাক্ষর করা চিঠিটি মন্ত্রিপরিষদ সচিব বরাবর প্রেরণ করা হয়।

এতে বলা হয়, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রকে প্রতিমন্ত্রী পদমর্যাদা প্রদানসংক্রান্ত ডি.ও পত্রটি এতৎসঙ্গে প্রেরণ করা হলো, (কপি সংযুক্ত)।বর্ণিত ডি.ও পত্রের বিষয়ে সদয় পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো। ২০২১ সালের ২৭ জানুয়ারি অনুষ্ঠিত হওয়া চসিক নির্বাচনে ডা. শাহাদাত হোসেন বিএনপির প্রার্থী হিসেবে ধানের শিষ প্রতীক নিয়ে অংশগ্রহণ করেন।এতে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী মো. রেজাউল করিম চৌধুরী ৩ লাখ ৬৯ হাজার ২৪৮ ভোট পেয়ে বিজয়ী হন, আর ডা. শাহাদাত হোসেন পান ৫২ হাজার ৪৮৯ ভোট।ফলাফল ঘোষণার পর, ডা. শাহাদাত হোসেন নির্বাচনে কারচুপির অভিযোগ এনে ২০২১ সালের ২৪ ফেব্রুয়ারি আদালতে মামলা দায়ের করেন।ছাত্র-জনতার গণ অভ্যুত্থানে গতবছরের ৫ আগস্ট আওয়ামী লীগের নেতৃত্বাধীন সরকারের পতন হয়।এরপর একই বছরের ১ অক্টোবর চট্টগ্রামের যুগ্ম জেলা ও দায়রা জজ মোহাম্মদ খাইরুল আমীনের আদালত নির্বাচনি ট্রাইব্যুনাল আগের ফলাফল বাতিল করে ডা. শাহাদাত হোসেনকে চসিকের মেয়র ঘোষণা করেন।

এরপর ৮ অক্টোবর নির্বাচন কমিশন (ইসি) গেজেট প্রকাশ করে ডা. শাহাদাত হোসেনকে নির্বাচিত মেয়র হিসেবে ঘোষণা করেন।৩ নভেম্বর ডা. শাহাদাত হোসেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র হিসেবে শপথ নেন।

চট্টগ্রাম প্রতিমন্ত্রী বিএনপি মেয়র

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 14:45

URL: https://timestodaybd.com/chittagong/1138775807